

‘ইবাদতের অর্থ কী? ‘ইবাদত বলতে কি বুঝায়?

‘ইবাদাত শব্দের আভিধানিক অর্থ হলো:- চূড়ান্ত বিনয়, আনুগত্য ও বশ্যতা। শারী‘আতের পরিভাষায়:- প্রকাশ্য কিংবা গোপনীয় যতসব কথা ও কাজ আল্লাহ ﷻ ভালোবাসেন ও পছন্দ করেন, সে সবার একটি সামষ্টিক নাম হলো ‘ইবাদাত।

তাই যতসব কথা-বার্তা ও কাজ-কর্মকে আল্লাহ ﷻ পছন্দ করেন, যেমন:- সালাত (নামায) ক্বায়ম করা, সিয়াম (রোযা) পালন করা, ক্বোরবানী, নযর-মানত প্রদান করা, সাদাক্বাহ, যাকাত প্রদান করা, আল্লাহর নিকট প্রার্থনা (দু‘আ) করা, আল্লাহকে ডাকা, আল্লাহর (ﷻ) প্রতি ভয় ও আশা পোষণ করা, আল্লাহর (ﷻ) উপর ভরসা করা, আল্লাহর তাহবীহ (মহিমা), তাহমীদ (প্রশংসা), তাকবীর (মহত্ব), তাহলীল (আল্লাহর একত্ব) বর্ণনা করা, ক্বোরআনে কারীম তিলাওয়াত করা, ক্বোরআন ও ছুন্নাহতে বর্ণিত ও নির্দেশিত দু‘আ ও যিকর-আযকার করা, রাছূলের (ﷺ) প্রতি সালাত ও ছালাম পাঠ করা ইত্যাদি, এ সব প্রতিটি কাজ হলো একেকটি ‘ইবাদাত। রাছূলের (ﷺ) অনুসৃত ও প্রদর্শিত পছানুযায়ী একমাত্র আল্লাহ রাব্বুল ‘আলামীনের উদ্দেশ্যে, তাঁরই (আল্লাহর) সম্ভৃষ্টি লাভের নিমিত্তে, তাঁর (আল্লাহর) প্রতি শ্রদ্ধাপূর্ণ ভয় ও সর্বোচ্চ ভালোবাসা নিয়ে, তাঁর প্রতি পূর্ণ বশ্যতা ও আনুগত্য প্রদর্শন পূর্বক তাঁর (আল্লাহর) মহত্বের সম্মুখে অবনত মস্তকে চূড়ান্ত বিনয়ের সাথে ছাওয়াবের (আল্লাহর নিকট উত্তম প্রতিদান লাভের) আগ্রহ ও সুদৃঢ় আশা নিয়ে উপরোক্ত যে কোন কর্ম সম্পাদন করাকে আল্লাহর ‘ইবাদাত বলা হয়।